

# তোমারে দেবো না ভুলিতে

অজয় দাশগুপ্ত

কেন তাঁকে শুধু খোঁজা বিপ্লব বিদ্রোহে  
বেদনা প্রেমেও তিনি উজ্জ্বল নির্মাহে।  
শিল্পের নীল আকাশে জুলজুলে সূর্যের মতো  
কেবল বিদ্রোহী ভাবি আমরাই অজ্ঞতা বশতঃ  
দ্রোহে প্রেমে গড়েছেন সৃজনের বর্ণীল সেতু  
আকাশের শুক তারা, তিনি নন শুধু ধূমকেতু  
কখনো উত্তাল তিনি কখনো বা বেদনার ছবি  
বাঙালির দুনয়ন একদিকে নজরঢল একদিকে রবি।

জন্ম ঐ বঙ্গে তাঁর, এ বঙ্গের অতি প্রিয় জন  
তবুও মানে কি তাঁকে পশ্চিমের এসোসিয়েশন?  
জন্ম, মৃত্যু তিথি অথবা অন্য আয়োজনে  
কখনো দেখিনি তাঁকে উদ্ভাসিত স্নারণে মননে  
আমরাও মেতে উঠি পহেলা বা পঁচিশে বৈশাখে  
নির্মম নিষ্ঠুরতায় মনে কভু করি না যে তাঁকে  
সুদূর প্রবাসেও উদার দিগন্তরেখা ভুলে  
রবীন্দ্র পূজাতে মজি ভুলি নজরঢলে।

দু'প্রান্তে দু'জন তাঁরা বিহঙ্গের যেন দু'টি পাখা  
বাঙালির মন আকাশ দু'জনের দু'টি রং আঁকা  
আমাদেরই লাভ এতে তাঁহাদের নেই কোন ক্ষতি  
রবীন্দ্র আকাশ হলে নজরঢল সূর্যের জ্যোতি।